দৈনিক ইত্তেফাক
২৪
তারিখ 08 SEP 1996
পৃষ্ঠা ১২ কলাম ২

# আজ সাক্ষরতা দিবস

ইত্তেফাক রিপোর্ট ।। আজ (রবিবার) ৮ই সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও আজ যথাযোগ্য গুরুত্ব সহকারে দিবসটি পালন করিতেছে। এই উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগসহ বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান ব্যাপক কর্মসূচী গ্রহণ করিয়াছে। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথকভাবে বাণী প্রদান করিয়াছেন।

প্রেসিডেন্ট তাঁহার বাণীতে আগামী ১০ বছরের মধ্যে সমাজ হইতে নিরক্ষরতা দূরীকরণে বর্তমান সরকারের উদ্যোগকে সাফল্যমণ্ডিত করার জন্য দলমত নির্বিশেষে সকলকে ঐক্যবদ্ধভাবে আগাইয়া আসার আহ্বান জানান। তিনি উল্লেখ করেন, বাংলাদেশ স্থানীয় ও আন্তর্জাতিকভাবে সবার জন্য শিক্ষা নিশ্চিত করিতে প্রতিশ্রুতিবদ্ধ।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁহার বাণীতে বলেন, সত্য ও ন্যায় প্রতিষ্ঠা এবং মনুষ্যত্বের জাগরণের জন্য শিক্ষা সবচেয়ে নির্ভরযোগ্য অবলম্বন। অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রধান উপাদানও শিক্ষা। তিনি বলেন, জনগণের সেবার সুযোগ পাওয়ার পর জাতির জনকের আদর্শের সাথে সঙ্গতি রাখিয়া বর্তমান সরকার শিক্ষার জন্য সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করিয়াছে। প্রতিটি গ্রামে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা এবং আগামী ১০ বছরের মধ্যে দেশ হইতে নিরক্ষরতা দূরীকরণে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

এই উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ঢাকায় আজ সকাল ১১টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে নিরক্ষরতা দূরীকরণে উপানুষ্ঠানিক শিক্ষার ভূমিকা শীর্ষক এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করিয়াছে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকিয়া পুরস্কার বিতরণ করিবেন। বিশেষ অতিথি থাকিবেন শিক্ষামন্ত্রী এ, এস, এইচ, কে, সাদেক।

গণ সাক্ষরতা অভিযান আজ সকাল ৮টায় জাতীয় যাদুঘর হইতে প্রেসক্লাব হইয়া কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত এক বর্ণাঢ্য র‍্যালীর আয়োজন করিয়াছে।

এই উপলক্ষে বাংলাদেশ জাতিসংঘ সমিতি আজ বিকাল ৫টায় সমিতির কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করিয়াছে।

আরবান আজ বিকাল ৪টায় জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে এক সেমিনারের আয়োজন করিয়াছে।

বাংলাদেশ গার্লগাইডস এসোসিয়েশনের উদ্যোগে সংগঠনের কার্যালয়ে সকাল ১০টা হইতে বিকাল ৫টা পর্যন্ত কর্মশালা ও পোষ্টার প্রদর্শনী অনুষ্ঠিত হইবে।